গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ
www.sunamganj.gov.bd
(গোপনীয় শাখা)

**হাওর এলাকায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ক্ষতিগ্রস্থ ডুবন্ত বাঁধ মেরামত কাজের জন্য স্কীম প্রস্তুত ও বাস্তবায়নের লক্ষ্যে কাবিটা নীতিমালা-২০১৭ অনুযায়ী গঠিত জেলা কমিটির সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | মোঃ সাবিরুল ইসলাম<br>জেলা প্রশাসক, সুনামগঞ্জ। |
| সভার স্থান | ঃ | জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, সুনামগঞ্জ। |
| তারিখ ও সময় | ঃ | ০৮ ফেব্রুয়ারী, বিকাল ৪:০০ টা ও ১১ ফেব্রুয়ারী, সকাল ১১.০০ টা। |
| সভায় উপস্থিত সদস্যবৃন্দ | ঃ | পরিশিষ্ট 'ক' তে দখানো হলো। |

সভাপতি জেলা কমিটির সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি সভায় উপস্থিত সকলকে ইতোমধ্যে কাবিটা নীতিমালার আওতায় ২০১৭-২০১৮ অর্থ বছরের উন্নয়ন প্রকল্পের আওতায় এবং অনুন্নয়ন রাজস্ব খাতের আওতায় গৃহীত সকল স্কীমের আলোকে গঠিত পিআইসি সংখ্যা, প্রাককলন প্রস্তুতি, কাজ শুরু করা পিআইসির সংখ্যা এবং চূড়ান্ত প্রাককলনের ভিত্তিতে উন্নয়ন এবং অনুন্নয়ন খাতে অতিরিক্ত চাহিদার বিষয়ে সকলের মতামত ও আলোচনার জন্য সভায় উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষন করেন।

সভায় উপস্থিত উপজেলা নির্বাহী অফিসারগণ জনান যে, বর্তমানে মাঠ পর্যায়ে কাজ বাস্তবায়নের জন্য প্রস্তুতকৃত প্রকৃত প্রাককলন অনুযায়ী অনেক স্কীমের ব্যয় বৃদ্ধি পাওয়ায় পিআইসির সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। বর্তমানে প্রকৃত প্রাককলনের ভিত্তিতে মাঠ পর্যায়ে পিআইসির মাধ্যমে ডুবন্ত বাঁধ মেরামতের কাজ চলমান আছে। প্রাককলন অনুযায়ী প্রকৃত চাহিদার আলোকে সংশোধিত স্কীমসমূহ কাবিটা নীতিমালা-২০১৭ অনুযায়ী জেলা কমিটির অনুমোদনের বাধ্যবাধকতা রয়েছে।

এ বিষয়ে নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড ও সদস্য-সচিব, জেলা কমিটি সকলকে ধন্যবাদ জানিয়ে ০৮ ফেব্রুয়ারী, ২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত উপজেলা কমিটির সভাপতি ও সদস্য-সচিব হতে প্রাপ্ত হালনাগাদ পিআইসির কাজ শুরুর তথ্যাদি সভায় উপস্থাপন করেন। তিনি জানান যে, সুনামগঞ্জ পওর বিভাগ-১ এর অধীন ৫টি উপজেলায় (সুনামগঞ্জ সদর, বিশ্বম্ভরপুর, ধর্মপাশা, জামালগঞ্জ ও তাহিরপুর) উন্নয়ন প্রকল্পের আওতায় ১৪৭টি, অনুন্নয়ন প্রকল্পের আওতায় ২০৮টি মোট ৩৫৫টি এবং সুনামগঞ্জ পওর বিভাগ-২ এর অধীন ৬টি উপজেলায় (দিরাই, শাল্লা, জগন্নাথপুর, দক্ষিণ সুনামগঞ্জ, ছাতক ও দোয়ারাবাজার) উন্নয়ন প্রকল্পের আওতায় ১৮৭টি, অনুন্নয়ন প্রকল্পের আওতায় ১৮৩টি মোট ৩৭০টি পিআইসির কাজ শুরু হয়েছে। উপজেলা কমিটির মাধ্যমে সংশোধিত স্কীমসমূহ এবং প্রাককলন অনুযায়ী চূড়ান্ত চাহিদা আগামী ১১ ফেব্রুয়ারী, ২০১৮ খ্রিঃ তারিখে অনুষ্ঠিতব্য জেলা কমিটির সভায় উপস্থাপনের জন্য সকল উপজেলা নির্বাহী অফিসারগণকে অনুরোধ জানান।

সভাপতি জানান যে, আগামী ১১ ফেব্রুয়ারী ২০১৮ খ্রিঃ তারিখ জেলা কমিটির সভায় উপজেলা কমিটির সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসারগণকে তাদের স্ব স্ব উপজেলার কাবিটা বিষয়ক যাবতীয় তথ্য উপাত্ত সভায় উপস্থাপনের অনুরোধ জানিয়ে ০৮ ফেব্রুয়ারী, ২০১৮ খ্রিঃ তারিখের সভার মুলতবি ঘোষনা করেন।

১১ ফেব্রুয়ারী, ২০১৮ খ্রিঃ তারিখ জেলা কমিটির সভায় বিশেষ অতিথি হিসেবে বিভাগীয় কমিশনার, সিলেট সভায় উপস্থিত ছিলেন। তাঁকে এবং সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। তিনি বিগত সভার আলোচনার প্রেক্ষাপটে সিদ্ধান্ত মোতাবেক কাবিটার সর্বশেষ তথ্যাদি ও এক্ষেত্রে সংশোধিত স্কীমসমূহের চূড়ান্ত প্রাককলনের ভিত্তিতে উন্নয়ন ও অনুন্নয়ন খাতে চূড়ান্ত চাহিদার বিষয়ে সকলের মতামত ও আলোচনার জন্য সভায় উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষন করেন। এ প্রসঙ্গে উপজেলা নির্বাহী অফিসারগণ তাঁদের স্ব স্ব উপজেলার হালনাগাদ পিআইসি গঠনের তথ্যাদি ও চূড়ান্ত প্রাককলন অনুযায়ী অর্থ চাহিদা সভায় উপস্থাপন করেন। উপস্থাপিত তথ্য পরিশিষ্ট "খ" তে প্রদর্শিত হয়েছে।

চলমান পাতা-২

সভাপতি মহোদয় জানান যে, সংশোধিত নীতিমালা অনুযায়ী সংশোধিত স্কীমসমূহ জেলা কমিটি কর্তৃক অনুমোদনের বিধান রয়েছে, সে লক্ষ্যে ইতোমধ্যে মাঠ পর্যায় হতে চুড়ান্ত প্রাককলনের ভিত্তিতে সংশোধিত স্কীমসমূহ জেলা কমিটি কর্তৃক অনুমোদন করা যেতে পারে এবং প্রকৃত চাহিদার আলোকে অতিরিক্ত বরাদ্দ চাহিদার জন্য মহাপরিচালক, পানি উন্নয়ন বোর্ড ও সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রনালয় মহোদয় বরাবরে পত্র প্রেরণের ব্যবস্থা করতে হবে। সভায় উপস্থিত থেকে মূল্যবান দিকনির্দেশনা প্রদানের জন্য সভায় উপস্থিত সকলের পক্ষ থেকে সভাপতি বিভাগীয় কমিশনার মহোদয়কে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

সিদ্ধান্ত-১ ঃ ইতোমধ্যে মাঠ পর্যায়ে বাস্তবায়ন শুরু হওয়া ১১টি উপজেলার মধ্যে ৮টি উপজেলার উপজেলা কমিটি কর্তৃক অনুমোদিত সংশোধিত স্কীমসমূহ (উন্নয়ন-২৯৪টি, অনুন্নয়ন-৩৬৬টি) যার প্রাককলিত মূল্য উন্নয়ন খাতে ৫৮০৯.৬৮ লক্ষ টাকা এবং অনুন্নয়ন খাতে ৬৮৫৪.৪২ লক্ষ টাকা, যার মধ্যে উন্নয়ন খাতে অতিরিক্ত চাহিদা (৫৮০৯.৬৮ - ৪৩১৪.৪১) = ১৯৮৬.৬৫ লক্ষ টাকা এবং অনুন্নয়ন খাতে অতিরিক্ত চাহিদা (৬৮৫৪.৪২-৫১২৩.২৯) = ১৮৫২.৮১ লক্ষ টাকা। সংশোধিত কাবিটা নীতিমালা-২০১৭ অনুযায়ী জেলা কমিটি কর্তৃক উন্নয়ন এবং অনুন্নয়ন খাতে উল্লিখিত স্কীমসমূহ অতিরিক্ত চাহিদাসহ ভূতাপেক্ষিকভাবে অনুমোদন করা হয়।

সিদ্ধান্ত-২ ঃ অনুমোদিত সংশোধিত স্কীমের আলোকে ৮টি উপজেলা (সুনামগঞ্জ সদর, বিশ্বম্ভরপুর, ধর্মপাশা, জামালগঞ্জ, তাহিরপুর, দক্ষিণ সুনামগঞ্জ, দোয়ারাবাজার ও দিরাই) এর অতিরিক্ত চাহিদা (১৯৮৬.৬৫+১৮৫২.৮১) = ৩৮৩৯.৪৬ লক্ষ টাকা অতিদ্রুত বরাদ্দ প্রদানের জন্য মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড ও সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রনালয় মহোদয় বরাবর পত্র প্রেরণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত-৩ ঃ অবশিষ্ট ৩টি উপজেলা শাল্লা, জগন্নাথপুর ও ছাতক হতে পরবর্তীতে উপজেলা কমিটি কর্তৃক সংশোধিত প্রাককলন অনুযায়ী চুড়ান্তকৃত যৌক্তিক স্কীমসমূহ প্রাপ্তি স্বাপেক্ষে জেলা কমিটি কর্তৃক ভূতাপেক্ষিকভাবে অনুমোদনের ব্যবস্থা গ্রহণ করা হবে।

(মোঃ আবু বকর সিদ্দিক ভূঁইয়া)
নির্বাহী প্রকৌশলী
সুনামগঞ্জ পওর বিভাগ-১
বাপাউবো, সুনামগঞ্জ
এবং
সদস্য-সচিব
জেলা কমিটি।

(মোঃ সাবিরুল ইসলাম)
জেলা প্রশাসক
সুনামগঞ্জ
এবং
সভাপতি
জেলা কমিটি।

চলমান পাতা-৩

স্মারক নং-০৫.৪৬.৯০০০.০০১.১৪.০০২.১৭. ৬০ তারিখঃ ১১ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১. মাননীয় সংসদ সদস্য, সুনামগঞ্জ ............................ (সকল)।
২. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মূখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৪. সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. কমিশনার, সিলেট/ময়মনসিংহ/ঢাকা বিভাগ, সিলেট/ময়মনসিংহ/ঢাকা।
৬. মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।
৭. মহাপরিচালক, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর, ৭২-গ্রীণরোড, ঢাকা-১২১৫।
৮. প্রধান প্রকৌশলী, উত্তর-পূর্বাঞ্চল, পানি উন্নয়ন বোর্ড, শাহী ঈদগাহ, সিলেট।
৯. প্রধান প্রকৌশলী, কাজের বিনিময়ে টাকা, পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।
১০. পরিচালক, পরিচালন ও রক্ষনাবেক্ষন পরিদপ্তর, পানি উন্নয়ন বোর্ড, ওয়াপদা ভবন (৭ম তলা), মতিঝিল, ঢাকা।
১১. একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২. পুলিশ সুপার, সুনামগঞ্জ।
১৩. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সিলেট পওর সার্কেল, পানি উন্নয়ন বোর্ড, শাহী ঈদগাহ, সিলেট।
১৪. উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সুনামগঞ্জ।
১৫. জেলা মৎস কর্মকর্তা, সুনামগঞ্জ।
১৬. নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, সুনামগঞ্জ।
১৭. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব/শিক্ষা ও তথ্যপ্রযুক্তি)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, সুনামগঞ্জ।
১৮. উপজেলা পরিষদ চেয়ারম্যান ...................................... (সকল) উপজেলা পরিষদ, সুনামগঞ্জ।
১৯. উপজেলা নির্বাহী অফিসার, ...................................... (সকল), সুনামগঞ্জ।
২০. জেলা ত্রান ও পূর্ণবাসন কর্মকর্তা, সুনামগঞ্জ।
২১. জনাব মোঃ নুরুর রব চৌধুরী, ২৬ উপত্যকা, হাছন নগর, সুনামগঞ্জ।
২২. জনাব বিন্দু তালুকদার, জেলা প্রতিনিধি, দৈনিক আমাদের সময়, সুনামগঞ্জ।
২৩. জনাব মোঃ মনিরুজ্জামান, ব্র্যাক, সুনামগঞ্জ।
২৪. অফিস নথি।

১১/০২/১৮

(মোঃ আবু বকর সিদ্দিক ভূঁইয়া)
নির্বাহী প্রকৌশলী
সুনামগঞ্জ পওর বিভাগ-১
বাপাউবো, সুনামগঞ্জ
ও
সদস্য-সচিব
জেলা কমিটি।

পরিশিষ্ট-খ

# উপজেলা ওয়ারী গঠিত পিআইসির সংখ্যা কাজ শুরু করা পিআইসির সংখ্যা, প্রস্তুতকৃত প্রাককলনের সংখ্যা, বরাদ্দ চাহিদা, অর্থ ছাড় ও অতিরিক্ত চাহিদার বিবরণী।

(লক্ষ টাকা)

| ক্রমিক নং | উপজেলার নাম | উন্নয়ন | | | | | | | অনুন্নয়ন | | | | | | | উন্নয়ন ও অনুন্নয়ন খাতে গঠিত মোট পিআইসির সংখ্যা | উন্নয়ন ও অনুন্নয়ন খাতে মোট কাজ শুরু করা পিআইসির সংখ্যা | উন্নয়ন ও অনুন্নয়ন খাতে মোট প্রস্তুতকৃত প্রাককলনের সংখ্যা | উন্নয়ন ও অনুন্নয়ন খাতে মোট চাহিদা | উন্নয়ন ও অনুন্নয়ন খাতে মোট অর্থ ছাড় | উন্নয়ন ও অনুন্নয়ন খাতে মোট অতিরিক্ত চাহিদা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | গঠিত পিআইসির সংখ্যা | কাজ শুরু করা পিআইসির সংখ্যা | প্রস্তুতকৃত প্রাককলনের সংখ্যা | চাহিদা | বরাদ্দ | ছাড়কৃত অর্থের পরিমান | অতিরিক্ত চাহিদা | গঠিত পিআইসির সংখ্যা | কাজ শুরু করা পিআইসির সংখ্যা | প্রস্তুতকৃত প্রাককলনের সংখ্যা | চাহিদা | বরাদ্দ | ছাড়কৃত অর্থের পরিমান | অতিরিক্ত চাহিদা | | | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ | ২০ | ২১ | ২২ | ২৩ |
| সুনামগঞ্জ পওর বিভাগ-১ | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ১। | সুনামগঞ্জ সদর | ৫ | ৫ | ৫ | ৯২.৭৫ | ৫৩.৫০ | ৩৪.৮৩ | ৫৭.৯২ | ৪৪ | ৪৪ | ৪৪ | ৮২৯.৬৫ | ৫৩৮.৩৫ | ৫৩৬.৩৫ | ২৯৩.৩০ | ৪৯ | ৪৯ | ৪৯ | ৯২২.৪০ | ৫৭১.১৮ | ৩৫১.২২ | |
| ২। | বিশ্বম্ভরপুর | ১৮ | ১৮ | ১৮ | ৩৮৭.৯৮ | ৩৩০.২৫ | ২৭৭.৪০ | ১১০.৫৮ | ২৩ | ২৩ | ২৩ | ৩৯৩.৮৫ | ৩৬৩.৫২ | ৩৫৩.৫২ | ৪০.৩৩ | ৪১ | ৪১ | ৪১ | ৭৮১.৮৩ | ৬৩০.৯২ | ১৫০.৯১ | |
| ৩। | জামালগঞ্জ | ৩৫ | ৩২ | ৩৫ | ৭১২.৭১ | ৩১৭.৭৪ | ৩১৬.০৫ | ৩৯৬.৬৬ | ৬৫ | ৬০ | ৬৫ | ১০৪০.৮১ | ১০২৭.৭৭ | ১০০৬.৭৭ | ৩৪.০৪ | ১০০ | ৯২ | ১০০ | ১৭৫৩.৫২ | ১৩২২.৮২ | ৪৩০.৭০ | |
| ৪। | তাহিরপুর | ৩১ | ২৫ | ৩১ | ৭৯২.৬৩ | ৫২৬.৭৯ | ৪৯৩.৯৪ | ২৯৮.৬৯ | ৬৬ | ৫০ | ৬৬ | ১৪৬৭.৯৪ | ৮৩১.৭৫ | ৮৬৯.৭৫ | ৫৯৮.১৯ | ৯৭ | ৭৫ | ৯৭ | ২২৬০.৫৭ | ১৩৬৩.৬৯ | ৮৯৬.৮৮ | |
| ৫। | ধর্মপাশা | ৭৭ | ৭৭ | ৭৭ | ১৫৩৩.৭৯ | ১৩৬৩.৯২ | ১২৮০.১৫ | ২৫৩.৬৪ | ৫৭ | ৫৭ | ৫৭ | ১১০০.৫৬ | ৬৫৮.০০ | ৬৫৩.০০ | ৪৪৭.৫৬ | ১৩৪ | ১৩৪ | ১৩৪ | ২৬৩৪.৩৫ | ১৯৩৩.১৫ | ৭০১.২০ | |
| মোট | | ১৬৬ | ১৫৭ | ১৬৬ | ৩৫১৯.৮৬ | ২৫৯২.২০ | ২৪০২.৩৭ | ১১১৭.৪৯ | ২৫৫ | ২৩৪ | ২৫৫ | ৪৮৩২.৮১ | ৩৪১৯.৩৯ | ৩৪১৯.৩৯ | ১৪১৩.৪২ | ৪২১ | ৩৯১ | ৪২১ | ৮৩৫২.৬৭ | ৫৮২১.৭৬ | ২৫৩০.৯১ | |
| সুনামগঞ্জ পওর বিভাগ-২ | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ১। | দক্ষিণ সুনামগঞ্জ | ৪৯ | ৪৯ | ৪৯ | ৯৭২.৫২ | ৪২৭.৯২ | ৪২৭.৯২ | ৫৪৪.৬০ | ৩১ | ৩১ | ৩১ | ৫৪৪.১৯ | ৩৭৪.৮০ | ৩৭৪.৮০ | ১৬৯.৩৯ | ৮০ | ৮০ | ৮০ | ১৫১৬.৭১ | ৮০২.৭২ | ৭১৩.৯৯ | |
| ২। | দোয়ারাবাজার | ২৫ | ২৫ | ২৫ | ২৪০.১৫৭ | ৩৯৪.৫২ | ২১১.১১ | ২৯.০৫ | ১৪ | ১৪ | ১৪ | ২৯০.৬৫ | ৩৩৭.৪৫ | ৩৩৭.৪৫ | -৪৬.৮০ | ৩৯ | ৩৯ | ৩৯ | ৫৩০.৮১ | ৫৪৮.৫৬ | -১৭.৭৫ | |
| ৩। | দিরাই | ৫৪ | ৪৭ | ৫৪ | ১০৭৭.১৪ | ৮৯৯.৭৭ | ৭৮১.৬৩ | ২৯৫.৫১ | ৬৬ | ৬৬ | ৬৬ | ১১৮৬.৭৭ | ৯৯১.৬৫ | ৮৬৯.৯৭ | ৩১৬.৮০ | ১২০ | ১১৩ | ১২০ | ২২৬৩.৯১ | ১৬৫১.৬০ | ৬১২.৩১ | আরো ১০টি প্রাককলন প্রক্রিয়াধীন। |
| মোট | | ১২৮ | ১২১ | ১২৮ | ২২৮৯.৮২ | ১৭২২.২১ | ১৪২০.৬৬ | ৮৬৯.১৫৭ | ১১১ | ১১১ | ১১১ | ২০২১.৬১ | ১৭০৩.৯ | ১৫৮২.২২ | ৪৩৯.৩৯ | ২৩৯ | ২৩২ | ২৩৯ | ৪৩১১.৪৩ | ৩০০২.৮৮ | ১৩০৮.৫৫ | |
| সর্বমোট | (৮টি উপজেলা) | ২৯৪ | ২৭৮ | ২৯৪ | ৫৮০৯.৬৮ | ৪৩১৪.৪১ | ৩৮২৩.০৩ | ১৯৮৬.৬৪৭ | ৩৬৬ | ৩৪৫ | ৩৬৬ | ৬৮৫৪.৪২ | ৫১২৩.২৯ | ৫০০১.৬১ | ১৮৫২.৮১ | ৬৬০ | ৬২৩ | ৬৬০ | ১২৬৬৪.১০ | ৮৮২৪.৬৪ | ৩৮৩৯.৪৬ | |

২২/০২/২৫

(মোঃ আবু বকর সিদ্দিক ভূইয়া)
নির্বাহী প্রকৌশলী
সুনামগঞ্জ পওর বিভাগ-১
বাপাউবো, সুনামগঞ্জ।
ও
সদস্য-সচিব
জেলা কমিটি।

(মোঃ সাবিরুল ইসলাম)
জেলা প্রশাসক
সুনামগঞ্জ
ও
সভাপতি
জেলা কমিটি।